

(প্রেস বিজ্ঞপ্তি)

৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

আগামীকাল মিউনিসিপ্যাল স্কুল মাঠে বিকল্প শহীদ মিনার উদ্বোধন

চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনারের বাস্তবায়নাধীন প্রকল্পের নির্মাণ কাজ শেষ না হওয়া পর্যন্ত নগরীর মিউনিসিপ্যাল মডেল স্কুল এন্ড কলেজ মাঠে অস্থায়ীভাবে নির্মিত বিকল্প শহীদ মিনার আগামীকাল ৫ ফেব্রুয়ারী শনিবার সকাল ১১টায় উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। উদ্বোধনী অনুষ্ঠানে মুক্তিযোদ্ধা, পেশাজীবী, সাংস্কৃতিক, রাজনীতিককর্মীসহ সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য সাংস্কৃতিক কমপ্লেক্স প্রকল্পের অধীনে চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনার নতুনভাবে নির্মাণের জন্য ভাঙা হয়েছে।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

বাংলায় সাইনবোর্ড না লেখায়

১১ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ শুক্রবার সকালে নগরীর জিইজি এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে পরিচালিত অভিযানে বাংলায় প্রতিষ্ঠানের সাইনবোর্ড না লেখায় জিইসি মোড়স্থ ফ্লোরস প্রিমিয়ার সুইটসকে ৫ হাজার, জেন্টেল পার্ককে ২ হাজার, আহেলি রেস্টুরেন্টকে ২ হাজার ও ওয়াসা মোড়ের সিজলকে ২ হাজার টাকা জরিমানা করা হয়। একই অভিযানে নিষেধাজ্ঞা আরোপ সত্ত্বেও পলিথিন ব্যাগে পণ্য বিক্রির দায়ে কাজীর দেউরি বাজারের ৪ দোকানদারকে ৪ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩